# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং-বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৩০ তাং ০৩ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ।

## প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ-২০১৯ উদযাপন উপলক্ষ্যে Conference on awareness of retail investors regarding fixed income securities এর আয়োজন প্রসঙ্গে।

বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ-২০১৯ উদযাপন উপলক্ষ্যে আজ বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম) এর উদ্যোগে সিকিউরিটিজ কমিশন ভবনে Conference on awareness of retail investors regarding fixed income securities এর উপর দু'টি পর্বে একটি সম্মেলনের আয়োজন করা হয়। কনফারেন্স এর উদ্বোধন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস এর বোর্ড অব গভর্নরস এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। এ সময় কমিশনের কমিশনারবৃন্দ প্রফেসর মো: হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা ও খন্দকার কামালউজ্জামান উপস্থিত ছিলেন। উদ্বোধনী বক্তব্যে কমিশনের চেয়ারম্যান মহোদয় উল্লেখ করেন যে পুঁজিবাজারের উন্নয়নে প্রশিক্ষিত দক্ষ জনবল ও বিনিয়োগকারী গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস প্রতিষ্ঠা করা হয়েছে। এছাড়াও অন্যান্যের মধ্যে বিনিয়োগে ঝুঁকি হ্রাসে ফিক্সড ইনকাম সিকিউরিটিজ এর সরবরাহ বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন।

কনফারেন্সের প্রথম পর্বে Prospects and Challenges of long term financing instruments এর উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালক ও বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস এর অতিরিক্ত মহা-পরিচালক মোহাম্মদ রেজাউল করিম। এ পর্বে প্যানেল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন Insurance Development and Regulatory Authority (IDRA) এর পরিচালক কামরুল হক মারুফ এবং বাংলাদেশ ব্যাংকের Debt Management Department এর মহা-ব্যবস্থাপক মো: খুরশিদ আলম। পর্বটি পরিচালনা করেন World Bank এর সিনিয়র ফাইন্যান্সিয়াল সেক্টর এনালিস্ট একেএম আবদুল্লাহ। এ পর্বের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার ড. স্বপন কুমার বালা।

কনফারেন্সের দ্বিতীয় পর্বে Investment in Asset Backed Securities and Sukuk এর উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উপ-পরিচালক মো: ইকবাল হোসেন। এ পর্বে প্যানেল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের পরিচালক ও বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস এর অতিরিক্ত মহা-পরিচালক মোহাম্মদ রেজাউল করিম, উপ-পরিচালক শেখ মো: লুৎফুল কবির। এ সেশনটি পরিচালনা করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস এর মহা-পরিচালক মাহবুবুল আলম। এ পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার প্রফেসর মো: হেলাল উদ্দিন নিজামী। দিনব্যাপী এই কনফারেন্সে বাংলাদেশ ব্যাংক, স্টক এক্সচেঞ্জ, ব্যাংক, নন-ব্যাংক ফিন্যান্সিয়াল ইন্সটিটিউট, মার্চেন্ট ব্যাংকার, এ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানীজ এবং ফান্ড ম্যানেজারদের প্রতিনিধি প্রায় ২০০ জন উপস্থিত ছিলেন।

For [signature] 03-10-19

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র